# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৯৭২

পর্ব-৭: সওম (রোযা) (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ১. প্রথম অনুচ্ছেদ - নতুন চাঁদ দেখার বর্ণনা

بَابُ رُؤْيَةِ الْهِلَالِ

## আরবী

وَعَنْ أَبِي بَكْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: شَهْرَا عِيدٍ لَا يَنْقُصَانِ: رَمَضَانُ وَذُو الْحِجَّةِ

## বাংলা

১৯৭২-[4] আবূ বকরা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ঈদের দু’ মাস, রমাযান (রমজান) ও যিলহজ কম হয় না। (বুখারী, মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ১৯১২, মুসলিম ১০৮৯, আবূ দাঊদ ২৩২৩, তিরমিযী ৬৯২, ইবনু মাজাহ ১৬৫৯, আহমাদ ২০৪৭৯, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৮২০৩, সহীহ ইবনু হিব্বান ৩২৫। তবে আহমাদ এর সানাদটি হাসান।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (شَهْرَا عِيدٍ) ‘‘দুই ঈদের মাস’’ অর্থাৎ- রমাযান (রমজান) মাস ও যিলহজ মাস। হাফেয ইবনু হাজার বলেনঃ রমাযান (রমজান) মাসকে ঈদের মাস এজন্য বলা হয়েছে যে, রমাযান (রমজান) উপলক্ষেই ঈদ অনুষ্ঠিত হয়। যদিও তা শাওয়াল মাসে তবুও তা রমাযানের অব্যবহিত পরেই এবং রমাযানের পাশাপাশি।

(لَا يَنْقُصَانِ)‘‘কম হয় না’’ অর্থাৎ- ঈদের দুই মাস কম না হওয়াতে কি উদ্দেশ্য? তা নিয়ে ‘উলামাগণের মাঝে ভিন্নমত পরিলক্ষিত হয়।

১. এর ফাযীলাত বা মর্যাদার কোন কমতি হয় না যদিও মাস ত্রিশ বা উনত্রিশ দিনে হয়। ইসহাক ইবনু রাহওয়াইহি বলেনঃ যদিও এ দুই মাসে দিনের সংখ্যা কমে উনত্রিশ দিনে হয় তবুও সাওয়াবের ক্ষেত্রে তা ত্রিশ দিনেরই সমান। রমাযান (রমজান) মাস ঊনত্রিশ দিনে হলে এর সাওয়াব ত্রিশ দিনের সাওয়াবের সমান। এর

অভিমতটিই অধিক গ্রহণযোগ্য।

২. এ দুই মাসে এমন বৈশিষ্ট্য রয়েছে যা অন্য মাসে নেই। এর অর্থ এ নয় যে, দুই মাসের সাওয়াব কম হয় না বরং অন্য মাসে সাওয়াব কম হয় মাসের দিনের সংখ্যা কম হওয়ার কারণে।

৩. যদিও দিনের সংখ্যা কম হওয়ার কারণে বাহ্যিক দৃষ্টিতে তাতে কমতি আছে বলে মনে হয় কিন্তু তা দু’টি মহান ঈদের মাস হওয়ার কারণে তাকে কমতি বলা যায় না যেমন অন্যান্য মাসের বেলায় বলা যায়।

৪. সাধারণত একই বৎসরে এ দুইমাস কম হয় না অর্থাৎ- ঊনত্রিশ দিনে হয় না বরং একমাস ঊনত্রিশ দিনে হলে আরেক মাস ত্রিশ দিনে হবে। যদিও হঠাৎ কোন বৎসরে এ দু’ মাসই ঊনত্রিশ দিনে হয়ে থাকে।

৫. প্রকৃতপক্ষে তো এ দুইমাস একই বৎসরে ঊনত্রিশ দিনে হয় না তবে যদি মাসের শুরুতে আকাশে মেঘ থাকার কারণে চাঁদ দেখা না যেয়ে থাকে তাহলে ভিন্ন কথা।

৬. রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর এ বক্তব্য বিশেষ করে ঐ বৎসরের জন্য প্রযোজ্য, যে বৎসর তিনি এ বক্তব্য উপস্থাপন করেছেন।

৭. প্রতিদানের ক্ষেত্রে আল্লাহর নিকট এ দুই মাস সমান। মাস ঊনত্রিশ দিনেই হোক আর ত্রিশ দিনেই হোক। আর তা শীতকালে হওয়ার কারণে দিন ছোট হোক কিংবা গরমকালে হওয়ার কারণে দিন বড় হোক, যাই হোক না কেন আল্লাহর নিকট এ মাসে ‘আমলের সাওয়াব একই মর্যাদা সম্পন্ন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56532

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন